**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 16.08.2024 Time: 7.35A.M.**

বিশেষ বিশেষ খবর –

১/ RG KAR কান্ডের প্রতিবাদে SUCI কমিউনিস্ট আজ রাজ্য জুড়ে ১২ ঘন্টার ধর্মঘটের ডাক দিয়েছে। # পথ অবরোধ সহ প্রতিবাদ কর্মসূচী পালন করবেন অন্য বিরোধীরাও।

২/ RG KAR-এ বুধবার রাতের হামলার ঘটনায় বিজেপি ও বামেদের দায়ী করেছেন মুখ্যমন্ত্রী।

৩/ আন্দোলনরত ডাক্তার ও ছাত্র-ছাত্রীদের ওপর হামলার প্রতিবাদে 'ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশন', ২৪ ঘন্টার কর্ম বিরতির ডাক দিয়েছে আগামীকাল।

৪/ রাজ্যে আজ পরিবহন ব্যবস্থা সচল রাখার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে আবেদন জানানো হয়েছে।

৫/ আজ ফুটবলপ্রেমী দিবস। এই উপলক্ষে কলকাতার ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে।

**********************************************************

কর্তব্যরত অবস্থায় পড়ুয়া ডাক্তারের ধর্ষণ ও হত্যার বীভৎস ঘটনাকে কেন্দ্র করে দেশ জুড়ে তোলপাড়, বিক্ষোভ, কর্মবিরতি এবং ন্যায় বিচারের দাবীতে মধ্যরাতে মেয়েদের নজিরবিহীন প্রতিবাদের মধ্যেই RG KAR হাসপাতালে দুষ্কৃতীদের তান্ডব জনরোষে ঘৃতাহুতি দিয়েছে। প্রতিবাদের ঝড় উঠেছে দেশের গন্ডি ছাড়িয়ে বিদেশে'ও। পথে নেমেছেন আট থেকে আশি-সব বয়সের নারী-পুরুষ। বুধবার রাতের হামলার প্রতিবাদে SUCI কমিউনিস্ট আজ রাজ্য জুড়ে ১২ ঘন্টার ধর্মঘটের ডাক দিয়েছে। পথ অবরোধ

সহ প্রতিবাদ কর্মসূচী পালন করবেন অন্য বিরোধীরাও। আমাদের সংবাদদাতার একটি প্রতিবেদন। ( ভিসি- অভিরূপ)

আমাদের প্রতিনিধি শিপ্রা সেন সাহা জানিয়েছেন, কলকাতায় এখনো পর্যন্ত জনজীবন স্বাভাবিক।

শিয়ালদা দক্ষিণ শাখায় ভোরে ডায়মন্ড হারবার ও গুরুদাসপুর স্টেশনের মাঝে এবং জয়নগর স্টেশনের কাছে ওভারহেড তারে কলাপাতা ফেলা হয়। তাতে কিছুক্ষণের জন্য বিঘ্নিত হয় ট্রেন চলাচল।

দক্ষিণ ২৪ পরগণাত ধর্মঘটের মিশ্র প্রভাব লক্ষ্য করা যাচ্ছে। রাস্তায় অন্যান্য দিনের তুলনায় যান চলাচল কম। ধর্মঘটিরা জয়নগর, কুলতলি, মথুরাপুর, ডায়মন্ড হারবার সহ বিভিন্ন জায়গায় পিকেটিং করছেন।

মুর্শিদাবাদের বহরমপুর, ইসলামপুর, ডোমকল ও হরিহর পাড়ায় ধর্মঘটের সমর্থনে পথে নেমেছেন SUCI(C)-র কর্মী সমর্থকরা। তবে, উত্তর ও দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমের বাস চলছে।

********************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অবশ্য RG KAR হাসপাতালে বুধবার রাতের হামলার ঘটনায় দায়ী করেছেন বিজেপি ও বামেদের।

(বাইট- মমতা RG KAR)

ওই ঘটনায় এ'পর্যন্ত ১২ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। গতকাল তাদের শিয়ালদা আদালতে তোলা হলে ২২ শে আগস্ট পর্যন্ত পুলিশ হেফাজত হয়। এই মামলায় তদন্তকারী আধিকারিকের নামের ব্যাজ লাগানো উর্দি পড়ে অন্য এক পুলিশ অফিসার এজলাসে হাজির হলে, চাঞ্চল্য ছড়ায়।

CBI-এর একটি দল গতকাল পানিহাটিতে নিহত নির্যাতিতার পরিবারের সঙ্গে দেখা করে। অভিযুক্তদের গ্রেপ্তার এবং দৃষ্টান্তমূলক শাস্তির ব্যাপারে আধিকারিকরা তাঁদের

আশ্বস্ত করেছেন বলে মৃতার বাবা-মা জানিয়েছেন। তাঁদের মেয়ের জন্য ন্যায় বিচারের দাবীতে এতো মানুষ পথে নামায় কৃতজ্ঞতা জানিয়েছেন তাঁরা।

ঘটনার দিন রাতে নির্যাতিতা তরুণীর সঙ্গে যারা ছিলেন, তাঁদের মধ্যে আটজন ডাক্তারি পড়ুয়াকে CGO কমপ্লেক্সে দীর্ঘক্ষণ জিজ্ঞাসাবাদ করা হয়। হাসপাতলের প্রাক্তন সুপার সঞ্জয় বশিষ্ট, চেস্ট মেডিসিন বিভাগের প্রধান ডাক্তার অরুণাভ দত্ত চৌধুরী এবং টালা থানার ওসি ও সিটের তিন সদস্যকেও জিজ্ঞাসাবাদ পর্ব চলে।

নিরাপত্তার দাবীতে ঘেরাও হয়ে থাকা নতুন অধ্যক্ষ সুহৃতা পালের সঙ্গে দেখা করতে রাতে আর জি কর হাসপাতালে যান সি বি আই-এর তদন্তকারীরা। বিক্ষোভের দরুণ প্রথমে বাধা পেলেও, পরে তাঁরা অধ্যক্ষের অফিসে যান। বেশ কিছুক্ষণ কথা বলার পর তাঁকে নিয়ে CBI-এর দল CGO কমপ্লেক্সে গেলেও, তিনি সেখানে গাড়ি থেকে নেমে নিজের গাড়িতে বাড়ির পথে রওনা হয়ে যান বলে খবর।

*******************

RG KAR  হাসপাতালে ১৪ তারিখ রাত ১২ টার পর দুষ্কৃতী তাণ্ডবের প্রতিবাদে SUCI(C) আজ রাজ্য জুড়ে ১২ ঘন্টার সাধারণ ধর্মঘটের ডাক দিয়েছে। দলমত নির্বিশেষে জনসাধারণকে তাতে সামিল হবার আহ্বান জানিয়েছেন দলের রাজ্য সম্পাদক চণ্ডীদাস ভট্টাচার্য।

( বাইট- চন্ডীদাস )

*******************

RG KAR  মেডিকেল কলেজে দুষ্কৃতী আক্রমণের প্রতিবাদে বিজেপি আজ আন্দোলনে নামছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার গতকাল বালুরঘাটে এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন, RG KAR-এর ঘটনায় সারা রাজ্য উত্তাল। নির্যাতিতার জন্য ন্যায়বিচারের দাবিতে বুধবার রাতে মহিলারা এবং চিকিৎসকরা যখন পথে নেমে আন্দোলন করছেন, সেই সময়ে একদল দুষ্কৃতী পরিকল্পিতভাবে আরজিকর মেডিকেল কলেজে আক্রমণ চালায় এবং বহুমূল্যের ওষুধ ও যন্ত্রপাতি নষ্ট করে। মুখ্যমন্ত্রীর যে আইন শৃঙ্খলার ওপর কোন নিয়ন্ত্রণ নেই, এই ঘটনা তা প্রমাণ করেছে। এর প্রতিবাদে

আজ দুপুর দুটো থেকে বিকেল চারটে পর্যন্ত বিজেপি রাজ্যের সর্বত্র পথ অবরোধ করবে। সাধারণ মানুষকেও কর্মবিরতি পালন করে এই ঘটনার প্রতিবাদ জানানোর আবেদন জানিয়েছেন তিনি। এছাড়া আজ থেকে বিভিন্ন জায়গায় মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে বিক্ষোভ অবস্থান চলবে। রাজ্যজুড়ে এই বিক্ষোভ কর্মসূচিতে তিনি নিজে এবং বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ রাজ্য নেতৃত্ব উপস্থিত থাকবেন। রাজ্যকে স্তব্ধ করার ডাক দিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

( বাইট- শুভেন্দু )

দলের মহিলা মোর্চা আজ দক্ষিণ কলকাতার হাজরা মোড় থেকে মুখ্যমন্ত্রীর বাসভবন পর্যন্ত মোমবাতি নিয়ে মিছিল করবে। মোর্চার সর্বভারতীয় সভানেত্রী বনথি শ্রীনিবাসন এই কর্মসূচিতে অংশ নেবেন।

*******************

RG KAR হাসপাতালে দুষ্কৃতীদের আক্রমণের প্রেক্ষিতে বিজেপি সেখানে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের দাবি জানিয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে লেখা চিঠিতে, মহিলা চিকিৎসকের হত্যা সহ বিভিন্ন ঘটনার উল্লেখ করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। চিকিৎসকদের সুরক্ষায় অবিলম্বে হাসপাতালে কেন্দ্রীয় বাহিনী মোতায়ন এবং বুধবার রাতে দুষ্কৃতী তান্ডবেরও সিবিআই তদন্তের জন্য তিনি কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী কাছে আর্জি জানিয়েছেন।

বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারও RG KAR মেডিকেল কলেজে দুষ্কৃতী আক্রমণের ঘটনায় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর হস্তক্ষেপ চেয়েছেন। অমিত শাহকে চিঠি দিয়েছেন তিনি।

*******************

RG KAR হাসপাতালের ঘটনায় বামফ্রন্ট, অবিলম্বে রাজ্যের স্বাস্থ্য ও স্বরাষ্ট্রমন্ত্রী এবং কলকাতার পুলিশ কমিশনারের পদত্যাগ দাবি করেছে। একইসঙ্গে প্রাক্তন অধ্যক্ষকে অবিলম্বে গ্রেপ্তার করে সিবিআই - এর তদন্তের আওতাভুক্ত করা এবং সিবিআই কে দ্রুততার সঙ্গে তদন্ত শেষ করে সমস্ত দোষীদের দৃষ্টান্ত মূলক শাস্তির ব্যবস্থা করার দাবি জানিয়েছেন ফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু। এক বিবৃতিতে তিনি বলেছেন, বুধবার রাতে

মহিলাদের প্রতিবাদী কর্মসূচি চলাকালীন দুর্বৃত্তরা আর জি কর মেডিক্যাল কলেজ হাসপাতালে বিক্ষোভরত ডাক্তার ও ডাক্তারি পড়ুয়াদের ওপর যে হামলা এবং হাসপাতালের সম্পত্তি ধ্বংস করে, দ্বর্থহীন ভাষায় তার নিন্দা করে বামফ্রন্ট। বিবৃতিতে দুর্বৃত্তদের ভিডিও ফুটেজ দেখে সনাক্ত করে অবিলম্বে যথোচিত শাস্তির দাবি জানানো হয়েছে।

মহিলাদের রাতজাগা কর্মসূচির সময় ওই ঘৃণ্য আক্রমণের প্রতিবাদে বামফ্রন্ট আজ রাজ্যব্যাপী ধিক্কার দিবস পালনের ডাক দিয়েছে। আগামীকাল রাজ্যের সর্বত্র বিক্ষোভ মিছিল সংগঠিত হবে। কলকাতায় একটি কেন্দ্রীয় মিছিল রাসবিহারী মোড়ে জমায়েত হয়ে একাডেমী অফ ফাইন আর্টস" পর্যন্ত যাবে বলে বিমান বসু জানান।

********************

আর জি কর মেডিক্যাল কলেজ হাসপাতালে তরুণী চিকিৎসক পড়ুয়ার নৃশংস ধর্ষণ ও হত্যার ঘটনায় দেশ জুড়ে প্রতিবাদ বিক্ষোভের মধ্যেই ১৪'ই আগস্ট মধ্যরাতে ওই হাসপাতালে দুষ্কৃতীদের তান্ডব এবং আন্দোলনরত ডাক্তার ও ছাত্র-ছাত্রীদের ওপর হামলার প্রতিবাদে 'ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশন', ২৪ ঘন্টার কর্ম বিরতির ডাক দিয়েছে। আগামীকাল সকাল ৬'টা থেকে রবিবার সকাল ৬'টা পর্যন্ত জরুরী বাদে সমস্ত পরিষেবা বন্ধ রাখা হবে বলে এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। 'ফেডারেশন অফ রেসিডেন্ট ডক্টর্স অ্যাসোসিয়েশন ইন্ডিয়া'-ফোরডা'ও গুন্ডা বাহিনীর তান্ডবকে ধিক্কার জানিয়ে ফের কর্মবিরতি শুরু করার সিদ্ধান্ত ঘোষণা করেছে। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগত প্রকাশ নাড্ডার সঙ্গে বৈঠকের পর মঙ্গলবার কর্ম বিরতি প্রত্যাহারের কথা জানিয়েছিল ফোরডা।

********************

আজ ফুটবলপ্রেমী দিবস। এই উপলক্ষে কলকাতার ক্ষুদিরাম অনুশীলন কেদ্রে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে। আইএফএ ও এসোসিয়েশন অফ ভলেন্টারি ব্লাড ডোনার্স, ওয়েস্ট বেঙ্গলের উদ্যোগে শিবির শুরু হবে সকাল ৯ টায়। চলবে সন্ধ্যা ৬ টা পর্যন্ত। এবার রক্তদাতাদের প্রাক্তন ফুটবলার শিশির ঘোষের স্বাক্ষরিত শংসাপত্র দেওয়া হবে।

১৯ শো ৮০ সালের ১৬ ই অগাষ্ট ইডেনে মোহনবাগান - ইস্টবেঙ্গল ম্যাচে এক মর্মান্তিক দুর্ঘটনায় ১৬ জন দর্শক প্রাণ হারিয়েছিলেন। সেই ঘটনার স্মরণে ১৯ শো ৮১ সাল থেকে এই দিনটি রক্ত দানের মধ্য দিয়ে ফুটবলপ্রেমী দিবস হিসাবে পালিত হয়ে থাকে।

****************************************************************